

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট
উপশহর, রাজশাহী
www.cevrajshahi.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০২৬.০২৭.০১.০০২৮.২৬/ ২৪৫৯ তারিখ : ৩০ /০৮/২০২৬ খ্রি.।

বিষয় : কাস্টমস হাউস, চট্টগ্রাম এর মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল খালাসের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : মেসার্স এলিগ্যান্ট স্পিনিং এন্ড টেক্সটাইলস লিমিটেড, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা এর ২৫/০৮/২০২৬ খ্রি. এবং ২৭/০৮/২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় সূত্রীয় পত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স এলিগ্যান্ট স্পিনিং এন্ড টেক্সটাইলস লিমিটেড, প্লট নং- ৮৫-৮৯, ১০০-১০৯, ১২৯-১৩৮, ১৩৯-১৪৭ ও ১৫২-১৫৪, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা (বন্ড লাইসেন্স নং-০৪/২০২৩, তারিখঃ ৩১.০৮.২০২৩ খ্রি.; BIN-002814327-1105)] নামীয় প্রতিষ্ঠানের আমদানিকৃত কাঁচামাল কাস্টমস হাউস, চট্টগ্রাম থেকে খালাসের অনুমতি প্রদানের জন্য সূত্রীয় পত্রের মাধ্যমে এ দপ্তরে ও জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করা হয়েছে। এ ব্যাপারে জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০৫৬.০১.০০০১.২৬.৩০, তারিখ-২৭/০৮/২০২৬ খ্রি. এর মাধ্যমে মেসার্স এলিগ্যান্ট স্পিনিং এন্ড টেক্সটাইলস লিমিটেড নামীয় প্রতিষ্ঠানের উৎপাদন কার্যক্রম অব্যাহত রাখা এবং বৈদেশিক মুদ্রা অর্জন ও রপ্তানির বৃহত্তর স্বার্থে চট্টগ্রাম বন্দরে ছাড়করণের অপেক্ষায় থাকা প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত উল্লিখিত কাঁচামালের পণ্যচালানসমূহ ছাড়করণের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রত্যয়নপত্র ইস্যুর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে :

শর্ত

(১) যথাযথভাবে ইন-বন্ড ও এক্স-বন্ড কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(২) প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতার অধিক পরিমাণ পণ্য আমদানি করা যাবে না;

(৩) প্রতিষ্ঠানের ওয়্যারহাউসের এককালীন বন্ডিং ক্যাপাসিটির অধিক পরিমাণ পণ্য আমদানি করা যাবে না ;

(৪) আমদানিকৃত পণ্যচালানের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে ;

(৫) উক্ত পণ্যচালানের পরিমান প্রতিষ্ঠানের পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতা হতে সমন্বয় করতে হবে।

০৩। জাতীয় রাজস্ব বোর্ডের উক্ত পত্রের নির্দেশনার আলোকে এবং সূত্রীয় আবেদনদ্বয় বিবেচনায় রপ্তানির বিষয়টি সচল রাখার স্বার্থে আমদানি নীতি আদেশের শর্ত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিপালন সাপেক্ষে অনুচ্ছেদ-২ এ উল্লিখিত শর্তসমূহ এবং নিম্নোক্ত শর্তমসূহ পরিপালন সাপেক্ষে নিম্নেবর্ণিত ছকে উল্লিখিত পণ্যচালানসমূহ বন্ডের অধীন খালাসের অনুমতি প্রদান করা হলোঃ,

(ক) বিয়োজনের শর্তে আমদানিকৃত কাঁচামালের পরিমাণ মেশিনের উৎপাদন ক্ষমতার ৮০% অতিক্রম করলে আমদানিকৃত কাঁচামালের উপর স্বাভাবিক শুল্ক-করাদি প্রযোজ্য হবে এবং

(খ) বিয়োজনের শর্তে আমদানিকৃত কাঁচামালের পরিমাণ পরবর্তী মেয়াদের প্রাপ্যতা সীমা অতিক্রম করলে আমদানিকৃত কাঁচামালের উপর স্বাভাবিক শুল্ক-করাদি প্রযোজ্য হবে।

| ক্রঃ নং | এলসি নং ও তারিখ | ইনভয়েজ নং ও তারিখ | বিএল নং ও তারিখ | পণ্যের বিবরণ | পরিমাণ (কেজি) | মূল্য (মাঃডঃ) |
|---|---|---|---|---|---|---|
| 01 | 0751262500460<br>8/07/2026 | HM20260812<br>12/08/2026 | SHAZP3233300<br>14/08/2026 | Yarn | 22,000.00 | $60,500.00 |
| 02 | 0751262500410<br>2/07/2026 | EXP/135/2026-27<br>15/07/2026 | ONEYVTZG03465400<br>22/07/2026 | Yarn | 38,784.00 | $108,595.20 |
| 03 | 0751262500552<br>8/07/2026 | EXP/162/2026-27<br>05/08/2026 | ONEYVTZG03823900<br>11/08/2026 | Yarn | 19,392.00 | $54,297.70 |
| 04 | 0751262500590<br>6/08/2026 | GD20260723ES<br>24/08/2026 | 275728108<br>23/08/2026 | Sodium Hydrosulphite | 22,500.00 | $28,350.00 |
| 05 | 0751262500450<br>8/07/2026 | 9000900438<br>22/07/2026 | YKSE26004468<br>05/08/2026 | Finishing Agent/Wetting Agent/Sequestering Agent | 45,600.00 | $85,050.00 |
| 06 | 0751262500450<br>8/07/2026 | 9000901320<br>28/07/2026 | 20260700120-01<br>06/08/2026 | Finishing Agent | 23,000.00 | $31,050.00 |
| 07 | 0751262500440<br>7/07/2026 | EXP-12858<br>14/07/2026 | YMJAS550116580<br>04/08/2026 | Modified Starch | 72,000.00 | $46,800.00 |
| 08 | 0751262500542<br>6/07/2026 | ETC2607077<br>10/08/2026 | SITGTXBG616550<br>11/08/2026 | Sulfur Black (Synthetic Organic Colouring Matter) | 27,000.00 | $56,700.00 |

| ক্র: নং | এলসি নং ও তারিখ | ইনভয়েজ নং ও তারিখ | বিএল নং ও তারিখ | পণ্যের বিবরণ | পরিমাণ (কেজি) | মূল্য (মা:ড:) |
|---|---|---|---|---|---|---|
| 09 | 075126250043 DT.07/07/2026 | 00056522 DT.10/07/2026 | 802541779 DT.07/08/2026 | Vat Dyes | 25,000.00 | $160,000.00 |
| 10 | 075126250055 DT.28-07-2026 | EXP/162/2026-27 DT.05.08.2026 | ONEYVTZG03823900 DT.11.08.2026 | YARN | 19,392.00 | $54,297.00 |

২০.০৮.২৬

(মোঃ রাশেদুল হক)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার
কমিশনার অব কাস্টমসের পক্ষে
ফোন # ০২৫৮৮৮০১০৭
ই-মেইল : cevc.raj@nbr.gov.bd

প্রাপক : কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

নথি নং- ০৮.০১.০০০০.০২৬.০২৭.০১.০০২৮.২৬/ তারিখ : /০৮/২০২৬ খ্রি.।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

০১। দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, ঢাকা।
০২। অ্যাসিস্ট্যান্ট কমিশনার, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।
০৩। নির্বাহী পরিচালক, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা
০৪। সহকারী প্রোগ্রামার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [তাঁকে পত্রটি এ দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।]
০৫। পিএটু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স এলিগ্যান্ট স্পিনিং এন্ড টেক্সটাইলস লিমিটেড, প্লট নং- ৮৫-৮৯, ১০০-১০৯, ১২৯-১৩৮, ১৩৯-১৪৭ ও ১৫২-১৫৪, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।

(মোঃ রাশেদুল হক)
অ্যাসিস্টেন্ট কমিশনার।